2

তারিখ 27 JUL 1996
পৃষ্ঠা ১১ কলাম ৩

দৈনিক ইত্তেফাক

## হোমিওপ্যাথিক কলেজে শিক্ষার পরিবেশ ফিরাইয়া আনার আহ্বান

গত বৃহস্পতিবার বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজ ও হাসপাতাল ছাত্র সংসদের এক জরুরী সভা ছাত্র সংসদের ভি, পি সাহাবুদ্দীন আজাদের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় কলেজের অধ্যক্ষের অপসারণ দাবীর প্রেক্ষিতে গঠিত তদন্ত কমিটির রিপোর্ট পেশের দাবী জানাইয়া কলেজে শিক্ষার পরিবেশ ফিরাইয়া আনার আহ্বান জানান হয়।

হোমিওপ্যাথিক মেডিক্যাল গ্রাজুয়েট এসোসিয়েশনের সভাপতি ডাঃ স্বপন কুমার চক্রবর্তী ও মহাসচিব ডাঃ আবদুল মজিদ এহিয়া মানিক এক বিবৃতিতে বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজ ও হাসপাতালের অধ্যক্ষ অপসারণের দাবীতে কলেজ ছাত্রদের আন্দোলনের প্রতি সমর্থন ঘোষণা করিয়াছেন। —প্রেস বিজ্ঞপ্তি